দৈনিক ইত্তেফাক

তারিখ 08 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ৮

121

প্রধানমন্ত্রী সকাশে ভার্সিটি শিক্ষক ফেডারেশন প্রতিনিধিদল

# শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি রক্ষায় সকলের সহায়তা প্রয়োজন

বাসস ।। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিবৃন্দ গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তাঁহার দফতরে সাক্ষাৎ করিয়া তাহাদের পেশাগত বিভিন্ন সমস্যা সম্পর্কে তাহাকে অবহিত করেন। প্রধানমন্ত্রী শিক্ষক ফেডারেশন প্রতিনিধিদের তাহাদের সমস্যাদি দেখার এবং যথাসম্ভব এসব সমস্যা সমাধানের আশ্বাস দেন। খোলামেলা আলোচনাকালে প্রধানমন্ত্রী শিক্ষকসহ সকল পেশাজীবী গ্রুপকে

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠানে

(১ম পৃঃ পর)

সমস্যাদি সমাধানে গণতান্ত্রিক সরকারকে সহযোগিতা প্রদানের আহ্বান জানান। বেগম জিয়া বলেন, দেশে গণতন্ত্র ও গণতান্ত্রিক সরকার থাকিলে সকল সমস্যা সমাধান করা যাইবে। তিনিবলেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শান্তি বজায় রাখিতে শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলের সহায়তা প্রয়োজন। এজন্য সংশ্লিষ্ট সকলের দায়িত্ব রহিয়াছে। শান্তি বজায় রাখিতে তিনি বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বিধি কঠোরভাবে মানিয়া চলার উপর গুরুত্বারোপ করেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকারী বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিদের মধ্যে ছিলেন ইহার সভাপতি প্রফেসর মনসুরুল আমিন ও মহাসচিব প্রফেসর ফসিউল আলম, ভাইস প্রেসিডেন্ট প্রফেসর আবু সাঈদ খান ও সদস্যবৃন্দ: প্রফেসর শাহাদৎ আলী, প্রফেসর মোস্তফা চৌধুরীর, ডঃ আরেফিন সিদ্দিকী, প্রফেসর আবদুর রাজ্জাক আখন্দ, ডঃ আবদুর রহীম, ডঃ আহসানুল করির, প্রফেসর সফিউদ্দিন আহমদ, প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমান, ডঃ মুনীর আহমদ চৌধুরী, প্রফেসর এ, এম ফারুক, ডঃ আশরাফ আলী, মুখলেসুর রহমান এবং শহীদ আহমদ চৌধুরী।

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার এবং জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রী খোন্দকার মোশাররফ হোসেন এ উপলক্ষে উপস্থিত ছিলেন।